**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 17-02-2026** | **Desk in Charge : SDG**
**Time : 7.35 AM** | **Editing & Compiling : NBR**
**DEO: KB** | **NRT : NBR**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

## বিশেষ বিশেষ খবর –

১/ আসন্ন বিধানসভা নির্বাচন এবং SIR প্রক্রিয়া খতিয়ে দেখতে আজ পশ্চিমবঙ্গে আসছেন নির্বাচন কমিশনের সদ্য নিযুক্ত স্পেশাল রোল অবজার্ভার NK মিশ্র।

২/ কেন্দ্রীয় সরকারের ‘প্রধানমন্ত্রী আবাস যোজনা’, ‘ইন্দিরা আবাস যোজনা’ বা রাজ্য সরকারের ‘বাংলার বাড়ি’ প্রকল্পের নথি, SIR-এর নথি হিসেবে গ্রহণ করা হবে না বলে, নির্বাচন কমিশন জানিয়েছে।

৩/ বিজেপি সহ বিরোধীরা, রাজ্য সরকারের অন্তর্বর্তী বাজেটে ঘোষিত ‘যুব সাথী’ প্রকল্পের সমালোচনা করেছে।

৪/ কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী ও বর্ষীয়ান বিজেপি নেতা অমিত শাহ একদিনের সফরে আগামীকাল পশ্চিমবঙ্গে আসছেন।

৫/ ইস্টবেঙ্গল, জয় দিয়ে এবারের ISL অভিযান শুরু করেছে।

**************************************************************************

আসন্ন বিধানসভা নির্বাচন এবং ভোটার তালিকার বিশেষ সংশোধন প্রক্রিয়া খতিয়ে দেখতে পশ্চিমবঙ্গে আসছেন, নির্বাচন কমিশনের সদ্য নিযুক্ত স্পেশাল রোল অবজার্ভার NK মিশ্র। আজ সন্ধ্যায় তিনি রাজ্যে পৌঁছবেন বলে জানা গেছে। এর পরেই মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালের সঙ্গে জরুরি বৈঠকে বসবেন। ভোটার তালিকার নিবিড় পরিমার্জন, প্রশাসনিক প্রস্তুতি এবং সংশ্লিষ্ট বিভিন্ন প্রক্রিয়ার অগ্রগতি খতিয়ে দেখতেই এই বৈঠক বলে কমিশন সূত্রে খবর। উল্লেখ্য, ১৯৮৮-র ব্যাচের অবসরপ্রাপ্ত IPS আধিকারিক এন কে মিশ্রকে নির্বাচন কমিশন, স্পেশাল রোল অবজ়ার্ভার হিসেবে নিয়োগ করেছে। রাজ্যে SIR প্রক্রিয়ার তদারকি এবং নির্বাচনী প্রস্তুতির বিভিন্ন দিক পর্যালোচনা করাই তাঁর দায়িত্ব।

*********************

কেন্দ্রীয় সরকারের 'প্রধানমন্ত্রী আবাস যোজনা', 'ইন্দিরা আবাস যোজনা' বা রাজ্য সরকারের 'বাংলার বাড়ি' প্রকল্পের নথি, SIR-এর ক্ষেত্রে গ্রহণযোগ্য হবে না বলে, নির্বাচন কমিশন, জানিয়েছে। এই সিদ্ধান্তের কথা জানিয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে চিঠি পাঠিয়েছে কমিশন। এব্যাপারে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল কমিশনের অবস্থান জানতে চেয়েছিলেন। তাঁর প্রশ্নের জবাবে বিষয়টি স্পষ্ট করেছে নির্বাচন কমিশন।

একটি প্রতিবেদন- ( ভিসি- অভিরূপ )

এদিকে, রাজ্যে SIR এর সঙ্গে যুক্ত সমস্ত কর্মী, আধিকারিককে নিরপেক্ষ হয়ে এবং স্বচ্ছতার সঙ্গে কাজ করার জন্য ফের একবার সতর্ক করে দিয়েছেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল।

( বাইট- EC মনোজ )

*********************

আগেই জানানো হয়েছে, একাধিক গুরুতর অনিয়মের অভিযোগে রাজ্যের সাত AERO-কে সাসপেন্ড করেছে নির্বাচন কমিশন। সাত জনই রাজ্যে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন (SIR)-এর কাজে নিযুক্ত। তাঁদের বিরুদ্ধে এসআইআর-এর কাজে

অসদাচরণ, কর্তব্যে গাফিলতি এবং ক্ষমতার অপব্যবহারের অভিযোগ উঠেছে। সাসপেনশনের পাশাপাশি এদের বিরুদ্ধে শৃঙ্খলাভঙ্গের তদন্ত শুরু করারও নির্দেশ দিয়েছে কমিশন। ক্যানিং পূর্বর দুই, সুতি, ময়নাগুড়ি, সামশেরগঞ্জ, ডেবরা ও ফারাক্কা বিধানসভার মোট একজন করে AERO-র বিরুদ্ধে পদক্ষেপের নির্দেশ দিয়ে কমিশন গতকাল রাজ্যের মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তীকে চিঠি দিয়েছে। সংশ্লিষ্ট নিয়ন্ত্রক কর্তৃপক্ষকে দ্রুত তদন্ত শুরু করে কমিশনকে রিপোর্ট দিতে হবে।

রাজ্যের চার আধিকারিককে আগেই সাসপেন্ড করে তাঁদের বিরুদ্ধে এফআইআর দায়ের এর নির্দেশ দিয়েছিল কমিশন। কিন্তু সেই নির্দেশ বাস্তবায়িত না হওয়ায় গত শুক্রবার দিল্লিতে নির্বাচন সদনে তলব করা হয় রাজ্যের মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তীকে। ওই চার আধিকারিকের বিরুদ্ধে এফআইআর করার জন্য আজ পর্যন্ত রাজ্যকে সময় দেওয়া হয়েছে।

*********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২২শে ফেব্রুয়ারী আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩১ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধান মন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

মন কি বাত এর জন্যে এ বারেও সাধারণ মানুষের পরামর্শ ,বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। MyGov Open Forum কিংবা Narendra Modi App-এ লিখিত বার্তা পাঠানো যাবে। টোল ফ্রি নম্বর-1800-11-7800 মারফতও বার্তা পাঠানো যাবে।

*********************

আজকের প্রসঙ্গে এবারের বিষয় বিকশিত ভারতের লক্ষ্যে সুস্থ দেশ গড়ে তুলতে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিকেল সায়েন্স এর ভূমিকা। এইমস কল্যাণীর মেডিক্যাল সুপারিনটেনডেন্ট এবং চক্ষু চিকিৎসা বিজ্ঞান বিভাগের প্রধান প্রফেসর ডঃ মহুয়া চট্টোপাধ্যায় এর সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির প্রথম পর্ব শুনবেন আজ রাত ৮টায়

গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

*********************

বিজেপি, রাজ্য সরকারের অন্তর্বর্তী বাজেটে ৪০ বছরের নীচে বেকার ছেলে-মেয়েদের জন্য ‘যুব সাথী’ প্রকল্পের সমালোচনা করেছে। গতকাল দক্ষিণ মালদা লোকসভার ৬’টি বিধানসভার তৃণমূল কংগ্রেসের বিধায়কদের বিরুদ্ধে বিজেপি, চার্জশিট পেশ করে।

জেলা সদর দপ্তরে কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার এক বৈঠকে বলেন, ‘যুব সাথী’র লাইনে সাধারণ মানুষদের দেখা গেলেও তৃণমূল কংগ্রেসের বেকারদের চোখে পড়ছে না।

( বাইট- সুকান্ত )

অন্যদিকে, কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য মুখপাত্র **দেবজিৎ** সরকার, যুবসাথী প্রকল্পের আবেদন পত্র সরকারি কর্মীদের পরিবর্তে শাসকদলের কর্মীদের হাতে কেন জমা দিতে হচ্ছে, বা জমা দেওয়ার কোন প্রমাণপত্র কেন দেওয়া হচ্ছে না তা নিয়ে প্রশ্ন তোলেন। ‘যুবসাথী’ নিয়ে তৈরী হওয়া সাম্প্রতিক বিশৃঙ্খলা, সাধারণ মানুষের চোখ খুলে দিয়েছে বলে তিনি দাবী করেন।

( বাইট- দেবজিত )

কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, ভাতা দিয়ে ভোট কেনার লক্ষ্যে এই প্রকল্প চালু করা হয়েছে।

( বাইট- অধীর )

*********************

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরোহিত্যে আজ রাজ্য মন্ত্রিসভার বৈঠক বসতে চলেছে। নবান্নে প্রস্তাবিত এই বৈঠকে উপস্থিত থাকার জন্যে মন্ত্রিসভার সব সদস্যদের নির্দেশ দেওয়া হয়েছে। আগামী অর্থ বছরের জন্যে অন্তর্বর্তী বাজেটে ঘোষিত বিভিন্ন সামাজিক সুরক্ষা প্রকল্পের সুবিধা দিতে রাজ্যজুড়ে অফলাইন ও অনলাইনে আবেদন জমা নেওয়ার কাজ চলছে, বৈঠকে তা নিয়েও আলোচনা হতে পারে।

**********************

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী ও বর্ষীয়ান বিজেপি নেতা অমিত শাহ একদিনের সফরে আগামীকাল পশ্চিমবঙ্গে আসছেন। দলীয় সূত্রে জানা গেছে, দুপুরে কলকাতায় এসে হেলিকপ্টারে তিনি নদীয়ার মায়াপুরের উদ্দেশে রওনা হবেন। সেখানে হেলি প্যাড থেকে মায়াপুর ইসকন মন্দিরে যাওয়ার পথে নাম সংকীর্তনের আয়োজন করা হয়েছে। বৈদিক গুরুকুলের ছাত্ররা মন্ত্রোচ্চারণের মাধ্যমে শ্রী শাহকে স্বাগত জানাবে। মন্দিরের ভেতরে স্বরাষ্ট্র মন্ত্রীকে স্বাগত জানতে পারেন ইস্কনের জয়পতাকা স্বামী। সেখানে বিগ্রহ দর্শন ও পুজো দেবেন শ্রী শাহ্। এরপর একটি আধ্যাত্মিক অনুষ্ঠানেও উপস্থিত থাকবেন।

তবে, এই সফরে আপাতত কোনও রাজনৈতিক কর্মসূচী নেই বলে জানা যাচ্ছে।

**********************

আন্তর্জাতিক জলসীমা লঙ্ঘনের অভিযোগে আটক মৎস্যজীবীর কাছ থেকে ভারতীয় আধারকার্ড উদ্ধার হওয়ায় চাঞ্চল্য ছড়িয়েছে।

জানা গেছে, রবীন্দ্র দাস নামে ওই মৎস্যজীবী আদতে বাংলাদেশী হলেও কয়েক বছর ধরে অবৈধভাবে কাকদ্বীপের অক্ষয়নগরে বসবাস করছিলেন। পরে বাংলাদেশ গিয়ে ফের জলপথে ভারতে প্রবেশের সময় উপকূল রক্ষী বাহিনী তাকে আটক করে।

গত রবিবার রাতে একইসঙ্গে আরো ২৭ জন বাংলাদেশী মৎস্যজীবী সহ একটি ট্রলার আটক করা হয়েছে।

**********************

রাজ্যে আগামী সাতদিন শুষ্ক আবহাওয়া বজায় থাকবে এবং  চলতি সপ্তাহের শেষের দিক থেকেই তাপমাত্রা ধীরে ধীরে দু থেকে তিন ডিগ্রি পর্যন্ত বাড়বে।  দক্ষিণ বঙ্গোপসাগরের মধ্যভাগে তৈরি ঘূর্ণাবর্তটি নিম্ন চাপ এলাকায় পরিণত হলেও এর কোন প্রত্যক্ষ প্রভাব এ রাজ্যে পড়ার সম্ভাবনা নেই। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৭ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে প্রায় দেড় ডিগ্রি কম।  উত্তরবঙ্গের জেলাগুলিতে সকালের দিকে বিক্ষিপ্তভাবে কুয়াশা থাকতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

*********************

ইস্টবেঙ্গল জয় দিয়ে এবারের আই এস এল অভিযান শুরু করেছে। সল্টলেক এর যুবভারতী ক্রীড়াঙ্গনে গত সন্ধ্যায় ইস্টবেঙ্গল ৩-০ গোলে নর্থ ইস্ট ইউনাইটেড কে হারিয়ে দিয়েছে। তিনটি গোল হয়েছে খেলার দ্বিতীয়ার্ধে। এজেজারি দুটি, ফিগুয়েরা একটি গোল করেছেন।

*********************

কল্যানীতে রঞ্জি ট্রফি সেমিফাইনালের দ্বিতীয় দিনে গতকাল বাংলার বিরূদ্ধে জম্মু ও কাশ্মীর প্রথম ইনিংসে পাঁচ উইকেটে ১৯৮ রান করেছে। আব্দুল সামাদ ৮২,অধিনায়ক পরশ ডোগরা ৫৮ রান করেছেন। বাংলার মহম্মদ শামি তিনটি, মুকেশ কুমার দুটি উইকেট নেন। জম্মু ও কাশ্মীর বাংলার প্রথম ইনিংসের চেয়ে এখন ১৩০ রানে পিছিয়ে আছে।

**********************************************************************